দৈনিক বাংলা

তারিখ 0 1 MAR 1994
পৃষ্ঠা ৩ কলাম ৩

24

মন্ত্রিসভার বৈঠক

# গ্রন্থনীতি ও পাঁচ মেডিক্যাল কলেজ স্থাপন অনুমোদিত

সোমবার বঙ্গভবনে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক বৈঠকে জাতীয় গ্রন্থনীতি ১৯৯৪ অনুমোদন করা হয়।

মন্ত্রিসভা দিনাজপুর, বগুড়া, খুলনা, ফরিদপুর এবং কুমিল্লায় ৫টি মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার প্রস্তাবও অনুমোদন করে। খবরবাসস'র।

বিভিন্ন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী,
(৮–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## গ্রন্থনীতি, ৫ মেডিক্যাল

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় সচিবগণ এ বৈঠকে উপস্থিত ছিলেন।

মন্ত্রিসভার বৈঠকের পর প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা সদস্যদের সামনে বাণিজ্য মন্ত্রণালয় সম্প্রতি সমাপ্ত গ্যাট চুক্তির বিভিন্ন দিক বিশ্লেষণ করে।

প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, মন্ত্রণালয় ও বিভাগসমূহের ভারপ্রাপ্ত সচিব এবং পরিকল্পনা কমিশনের সদস্যগণ এ সময় উপস্থিত ছিলেন।